

## গাজীপুরে ড. হোসেন জিল্লুর রহমান শিগগিরই দেশে শিক্ষা চ্যানেল চালুর উদ্যোগ নেওয়া হবে

গাজীপুর প্রতিবেদিত

শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, দেশে শিগগিরই একটি শিক্ষাবিষয়ক চ্যানেল চালু করার উদ্যোগ নেওয়া হবে। এ জন্য প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মিডিয়া সেন্টার ব্যবহার করা হবে। শিক্ষা চ্যানেল এখন সময়ের দাবি। এর মাধ্যমে শিক্ষাবিতারের পাশাপাশি শিক্ষার মানোন্নয়ন ঘটবে।

উপদেষ্টা গতকাল বুধসপ্তিমবার দুপুরে বাউবির গাজীপুর ক্যাম্পাসে মিডিয়া সেন্টার পরিদর্শন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষাসচিব, সাংবাদিক ও সর্গমিষ্ট ব্যক্তিদের সঙ্গে অলাপকালে তিনি এসব কথা বলেন।

শিক্ষা উপদেষ্টা বাউবি ক্যাম্পাসে এলে উপাচার্য অধ্যাপক ড. এম ফরিদ আহমেদ তাঁকে স্বাগত জানান। পরে উপদেষ্টা মিডিয়া সেন্টারের অবকাঠামো, বিভিন্ন স্টুডিও এন্ডিটিং প্যানেল, প্রিন্টিং-থিয়েটারসহ কারিগরি ও ভৌত সুযোগ-সুবিধা পর্যালোচনা করেন।

এ সময় উপদেষ্টার সঙ্গে ছিলেন শিক্ষাসচিব মো. মোমতাজুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক কামাল উদ্দিন আহমেদ, বাংলাদেশ বেতারের মহাপরিচালক মো. মাহবুবুল আলম, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এ জেড এম শফিকুল আলম ও গাজীপুরের জেলা প্রশাসক সৈয়দ মিজানুর রহমান।